

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

সাভার, ঢাকা।

ওয়েব সাইট: www.bpatcsc.org.

(বাংলাদেশ লোক-প্রশাসন কর্তৃক পরিচালিত একটি স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান)


নিয়োগ বিজ্ঞপ্তি

বিপিএটিসি স্কুল এন্ড কলেজের চুক্তি ভিত্তিক প্রভাষক এবং সহকারী শিক্ষক (জীববিজ্ঞান) পদে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আগামী ১২/০৯/২০২৪ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন
০১	ক) প্রভাষক: পদার্থ, রসায়ন, ভূগোল, পরিসংখ্যান, সমাজকর্ম এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা। (প্রতিটি বিষয়ে একজন)।	০৬	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় শ্রেণি/বিভাগ/ সমমান গ্রহণযোগ্য নয় এবং ১২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। ইংরেজি ভাষানে পাঠদানে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।	সর্বসাকুল্যে=২২,৫০০.০০
০২	খ) সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জীববিজ্ঞান/প্রাণীবিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে কোনো ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য নয় এবং ১২ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। ইংরেজি ভাষানে পাঠদানে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।	সর্বসাকুল্যে=২০,০০০.০০

০১। আবেদন করতে www.bpatcsc.org লিংকে প্রবেশ করুন এবং Career Opportunity-এ ক্লিক করে Online আবেদন সম্পন্ন করে প্রিন্টেড কপির সাথে ১কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি আগামী ১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি.তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে বরাবর, অধ্যক্ষ (অ.দা.), বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা-১৩৪৩ এ সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগ/কুরিয়ারের মাধ্যমে পৌছাতে হবে।

০২। খামের উপর অবশ্যই পদের নামসহ মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে। আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে বাছাইকৃতদের মোবাইল নম্বরে ক্ষুদে বার্তা এবং প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েব সাইট (www.bpatcsc.org) এর নোটিশ বোর্ডের মাধ্যমে লিখিত, প্রদর্শনী ক্লাস ও মৌখিক পরীক্ষার তারিখ এবং সময় জানিয়ে দেয়া হবে। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


(এস.এম. মেহেদী হাসান)
পরিচালক (উপসচিব)
বিপিএটিসি, সাভার, ঢাকা।

ও

অধ্যক্ষ (অ.দা.)
বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।

এস. এম. মেহেদী হাসান
পরিচালক (উপসচিব)
বিপিএটিসি, সাভার, ঢাকা
ও
অধ্যক্ষ (অ.দা.)
বিপিএটিসি স্কুল এন্ড কলেজ